নৌকায় ভোট দিলে মানুষের ভাগ্যের পরিবর্তন হয়: অধ্যাপক ডা.স্বপ্নীল

চেম্বার ডেস্ক: বঙ্গবন্ধু মুজিব মেডিকেল বিশ্ববিদ্যালয় লিভার বিভাগের চেয়ারম্যান ও সম্প্রীতি বাংলাদেশ এর সদস্য সচিব অধ্যাপক ডা. মামুন আল মাহতাব স্বপ্নীল,বলেছেন, আওয়ামী লীগ সরকার দেশের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করে যাচ্ছে। নৌকায় ভোট দিলে মানুষের ভাগ্যের পরিবর্তন হয়। দেশের মানুষের ভাগ্য উন্নয়নে কাজ করাই সরকারের লক্ষ্য।

তিনি আরো বলেন, আওয়ামী লীগ জাতির পিতা বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের হাতে গড়া সংগঠন। এই সংগঠন যখনই ক্ষমতায় আসে দেশের মানুষের কল্যাণ হয়। মানুষ খেয়েপরে ভালো থাকে। মানুষের ভাগ্যের পরিবর্তন হয়। নৌকা মার্কায় ভোট দিলেই এ দেশের উন্নতি হয় সেটা এখন প্রমানিত ।

তিনি বুধবার সিলেট-১ আসনে বাংলাদেশ আওয়ামী লীগ মনোনীত প্রার্থী ড. এ কে আব্দুল মোমেন এর নৌকা মার্কার সমর্থনে নগরীর ১৪নং ওয়ার্ড ছড়ারপার মহল্লাবাসীর উদ্যোগে গণসংযোগ কালে এসব কথা বলেন।

তিনি আরও বলেন, আগামী ৭ই জানুয়ারি নৌকা মার্কায় ভোট দিয়ে পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে জয়যুক্ত করতে হবে। ভোটকেন্দ্রে ভোটার উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে ভোট গ্রহণ করার জন্য সবাইকে নিরসভাবে করতে হবে।

এসময় উপস্থিত ছিলেন, সিলেট মহানগর আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ও জালালাবাদ রাগীব রাবেয় মেডিকেল কলেজ হাসপাতালের উপ পরিচালক ডা. আরমান আহমদ শিপলু, মহানগর আওয়ামী লীগের সদস্য আব্দুল আজিম জুনেল, ১৪নং ওয়ার্ড আওয়ামী লীগের সিনিয়র সহ সভাপতি সাইফুল আলম খান কয়েছ, আওয়ামী লীগ নেতা কালান আহমেদ, এম এ মতিন, আবুল আহমদ, কালাম আহমদ, এনাম আহমদ, আব্দুর রহমান, আব্দুল্লাহ, আজিজ মিয়া, বিজয় কুমার দেব বুলু, কাজী সুমন, আলী আহমদ, মাহিন, জাহিদ আহমদ মুসা, জাকির আহমদ, ওয়াহীদুর রহমান আবুল, মজলাই মিয়া, মো. আতাউর রহমান রাহী, নুরুল আমিন রাশেদ, ফারহান আহমদ, নশাদ, মুস্তাকিম, ইমরান আহমদ প্রমুখ